

এই উদাসী হাওয়ার পথে পথে মুকুলগুলি ঝরে;  
 আমি কুড়িয়ে নিয়েছি, তোমার চরণে দিয়েছি—  
 লহো লহো করুণ করে ॥

যখন যাব চলে ওরা ফুটবে তোমার কোলে,  
 তোমার মালা গাঁথার আঙুলগুলি মধুর বেদনভরে  
 যেন আমায় স্মরণ করে ॥

বউকথাকও তন্দ্রাহারা বিফল ব্যথায় ডাক দিয়ে হয় সারা  
 আজি বিভোর রাতে ।

দুজনের কানাকানি কথা দুজনের মিলনবিহ্বলতা,  
 জ্যেৎস্নাধারায় যায় ভেসে যায় দোলের পূর্ণিমাতে ।

এই আভাসগুলি পড়বে মালায় গাঁথা কালকে দিনের তরে  
 তোমার অলস দ্বিপ্রহরে ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Iman

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail